গলাচিপায় অসহায় পরিবারের জমি বন্দোবস্তের দাবিতে মানববন্ধন

written by Chandradip News24 | December 29, 2024

পটুয়াখালীর গলাচিপার চরবিশ্বাস ইউনিয়নের চরবাংলায় বসবাসরত ৩৬৫ অসহায় পরিবারের জমি বন্দোবস্তের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। রবিবার দুপুরে উপজেলা ভূমি অফিসের সামনে আয়োজিত এ মানববন্ধনে শত শত নারী-পুরুষ অংশগ্রহণ করেন। মানববন্ধন শেষে গলাচিপা উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

বক্তারা জানান, ১৯৯৪ সাল থেকে চরবাংলায় তারা স্থায়ীভাবে বসবাস করছেন। কিন্তু কিছু প্রভাবশালী ও বিত্তবান ভূমি দস্যু নতুন ম্যাপ তৈরি করে জমি নিজেদের নামে রেকর্ডভুক্ত করেছে। এর ফলে বসবাসরত ৩৬৫ পরিবারকে উচ্ছেদের ষড়যন্ত্র চলছে। তারা সরকারি কর্মকর্তাদের সরেজমিনে তদন্ত করে প্রভাবশালীদের বন্দোবস্ত বাতিল এবং জমি প্রকৃত বসবাসকারীদের নামে বন্দোবস্ত দেওয়ার আহ্বান জানান।

বক্তারা আরও বলেন, দাবি আদায় না হলে কাফনের কাপড় পরে উপজেলা নির্বাহী অফিসার ও ভূমি অফিসের সামনে অনশন কর্মসূচি পালন করবেন।

মানববন্ধনে ইসলামী আন্দোলন বাংলাদেশ গলাচিপা শাখার সভাপতি মাওলানা আবু বক্কর সিদ্দিক, সহ-সভাপতি আব্দুল মান্নান, সেক্রেটারি মাওলানা জাকির হোসাইন, চরবিশ্বাস ইউনিয়ন সভাপতি মাওলানা ইমরান নাজির এবং ভূমিহীন কৃষক মাওলানা আব্দুর রব উপস্থিত

ছিলেন।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম